# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮০৮

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মহান আল্লাহ তা‘আলা তাঁর বান্দাদের মধ্যে যারা তাঁকে সংগোপনে স্মরণ করেন, তিনিও তাদের কথা মনে মনে স্মরণ করেন আর যারা তাঁকে মানুষের মাঝে স্মরণ করেন, তিনিও তাদেরকে তাঁর নৈকট্যপ্রাপ্ত ফেরেস্তাদের মাঝে স্বরণ করেন

## ذِكْرِ اللَّهِ جَلَّ وَعَلَا فِي مَلَكُوتِهِ مَنْ ذَكَرَهُ فِي نَفْسِهِ مِنْ عِبَادِهِ مَعَ ذِكْرِهِ إِيَّاهُمْ فِي الْمُقَرَّبِينَ مِنْ مَلَائِكَتِهِ عِنْدَ ذِكْرِهِمْ إِيَّاهُ فِي خَلْقِهِ

---

আরবী

808 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ قحطبة بن مرزوق قال: حدثنا محمد ابن الصَّبَّاحِ قَالَ: أَخْبَرَنَا جَرِيرٌ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (قَالَ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى: أَنَا عِنْدَ ظَنِّ عَبْدِي بِي وَأَنَا مَعَهُ حَيْثُ يَذْكُرُنِي إِنْ ذَكَرَنِي فِي نَفْسِهِ ذَكَرْتُهُ فِي نَفْسِي وَإِنْ ذَكَرَنِي فِي مَلَأٍ ذَكَرْتُهُ فِي مَلَأٍ خَيْرٍ مِنْهُمْ وَإِنْ تَقَرَّبَ مِنِّي ذِرَاعًا تَقَرَّبْتُ مِنْهُ بَاعًا وإن أتاني يمشي أتيته هرولة)

الراوي : أَبُو هُرَيْرَةَ المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 808 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৮০৮. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, মহান আল্লাহ বলেছেন, “আমার প্রতি বান্দার ধারণা মাফিক আমি আচরণ করে থাকি। আর তার সাথেই থাকি, সে যেখানেই আমাকে স্মরণ করুক; যদি সে আমাকে মনে মনে স্মরণ করে, তবে আমিও  তাকে মনে মনে স্মরণ করি, যদি সে আমাকে একদল মানুষের মাঝে স্মরণ করে, তবে আমিও তাকে এমন জমায়েতে স্মরণ করবো, যারা তাদের চেয়ে উত্তম। যদি সে আমার দিকে এক হাত এগিয়ে আসে, তবে আমি তার দিকে দুই গজ এগিয়ে যাই। যদি সে আমার দিকে হেঁটে আসে, তবে আমি তার দিকে দ্রুত হেঁটে যাই!”[1]

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: اللَّهُ أَجَلُّ وَأَعْلَى مِنْ أَنْ يُنْسَبَ إِلَيْهِ شَيْءٌ مِنْ صِفَاتِ الْمَخْلُوقِ إِذْ {لَيْسَ كَمِثْلِهِ

شَيْءٌ} [الشورى: 11] وَهَذِهِ أَلْفَاظٌ خَرَجَتْ مِنْ أَلْفَاظِ التَّعَارُفِ عَلَى حَسَبِ مَا يَتَعَارَفُهُ النَّاسُ مِمَّا بَيْنَهُمْ وَمَنْ ذَكَرَ رَبَّهُ جَلَّ وَعَلَا فِي نَفْسِهِ بِنُطْقٍ أَوْ عَمَلٍ يَتَقَرَّبُ بِهِ إِلَى رَبِّهِ ذَكَرَهُ اللَّهُ فِي مَلَكُوتِهِ بِالْمَغْفِرَةِ لَهُ تَفَضُّلًا وَجُودًا وَمَنْ ذَكَرَ رَبَّهُ فِي مَلَأٍ مِنْ عِبَادِهِ ذَكَرَهُ اللَّهُ فِي مَلَائِكَتِهِ الْمُقَرَّبِينَ بِالْمَغْفِرَةِ لَهُ وَقَبُولِ مَا أَتَى عَبْدُهُ مِنْ ذِكْرِهِ وَمَنْ تَقَرَّبَ إِلَى الْبَارِي جَلَّ وَعَلَا بِقَدْرِ شِبْرٍ مِنَ الطَّاعَاتِ كَانَ وُجُودُ الرَّأْفَةِ وَالرَّحْمَةِ مِنَ الرَّبِّ مِنْهُ لَهُ أَقْرَبَ بِذِرَاعٍ وَمَنْ تَقَرَّبَ إِلَى مَوْلَاهُ جَلَّ وَعَلَا بِقَدْرِ ذِرَاعٍ مِنَ الطَّاعَاتِ كَانَتِ الْمَغْفِرَةُ مِنْهُ لَهُ أَقْرَبَ بِبَاعٍ وَمَنْ أَتَى فِي أَنْوَاعِ الطَّاعَاتِ بِالسُّرْعَةِ كَالْمَشْيِ أَتَتْهُ أَنْوَاعُ الْوَسَائِلِ وَوُجُودُ الرَّأْفَةِ وَالرَّحْمَةِ وَالْمَغْفِرَةِ بِالسُّرْعَةِ كَالْهَرْوَلَةِ وَاللَّهُ أَعْلَى وَأَجَلُّ.

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আল্লাহর দিকে বান্দার বৈশিষ্ট্যসমূহের মধ্য হতে কোন বৈশিষ্ট্য সম্পর্কিত করা থেকে তিনি সুমহান ও অতি মর্যাদাবান। কেননা “তাঁর সদৃশ কোন কিছুই নেই।”(সূরা শুরা: ১১।) এই ধরণের শব্দগুলো মানুষের নিজেদের মাঝে যেভাবে চেনে-জানে সেই অনুপাতে এসেছে। যে ব্যক্তি জিহবার মাধ্যমে তার প্রতিপালককে স্মরণ করে অথবা তার প্রতিপালকের নৈকট্যে পৌঁছে দেয় এমন কাজ সম্পাদনের মাধ্যমে তাঁকে স্মরণ করে, তবে আল্লাহ তা‘আলা অনুগ্রহ ও দয়া করে ঐ ব্যক্তিকে ক্ষমার মাধ্যমে স্মরণ করেন। আর যে ব্যক্তি প্রতিপালককে একদল মানুষের মাঝে স্মরণ করে, তবে তিনিও তাকে তাঁর নৈকট্যপ্রাপ্ত একদল ফেরেস্তাদের মাঝে তাকে ক্ষমা করা ও বান্দা যে যিকর করেছেন তা কবূল করার মাধ্যমে তাকে স্মরণ করেন। যে ব্যক্তি ভাল আমলের মাধ্যমে তার স্রষ্টার দিকে অর্ধ হাত অগ্রসর হয়, তবে আল্লাহর পক্ষ থেকে তার ক্ষমা ঐ ব্যক্তির প্রতি দুই গজ অগ্রসর হয়। আর যে ব্যক্তি বিভিন্ন ধরনের ভাল আমলের মাধ্যমে হাঁটার ন্যায় দ্রুত অগ্রসর হয়, তবে বিভিন্ন রকমের উপায়-উপকরণ, দয়া, করুণা ও ক্ষমা তার প্রতি জোর কদমে হেঁটে আসার ন্যায় দ্রুত আসে। আল্লাহ সুমহান ও অতি মর্যাদাবান।“

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৬৭৫; মুসনাদ আহমাদ: ২/২৫১; সহীহ আল বুখারী: ৭৪০৫; তিরমিযী: ৩৬০৩; ইবনু মাজাহ: ৩৮২২; বাগাবী, শারহুস সুন্নাহ: ১২৫১।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২০১১/৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89311

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন